Hurray WAFER presents
9th International Children's Film Festival, Bangladesh
JANUARY 23-29, 2016

আমাদের উৎসব

৯ম আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব বাংলাদেশ ২০১৬ । ফ্রেমে ফ্রেমে আগামী স্বপ্ন । Future in Frames

রবিবার । ২৪ জানুয়ারি, ২০১৬ । ৪ পাতা । মূল্য ৫ টাকা

R‡j DVj Drme c`©xc

সকাল থেকেই উৎসুক শিশুকিশোরদের পদচারণে মুখরিত হয়ে উঠেছিল কেন্দ্রীয় পাবলিক লাইব্রেরীর প্রাঙ্গণ। তারপর দুপুর গড়িয়ে বিকেল হতেই শিশু নির্মাতাদের পাশাপাশি নানা বয়সী দর্শনার্থীদের ভিড় ছিল উপচে পড়ার মত। আর হবেই বা না কেন, গতকাল যে ৯ম আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব বাংলাদেশ এর উদ্বোধনী দিন। আর এজন্যেই সবার আগ্রহ ছিল চোখে পড়ার মতো। ৭দিনের এই বর্ণাঢ্য আয়োজনের জন্যেই সারাদেশের শত শত শিশুকিশোরেরা ও চলচ্চিত্র প্রেমীরা মুখিয়ে থাকে।

'ফ্রেমে ফ্রেমে আগামী স্বপ্ন' স্লোগানে গতকাল কেন্দ্রিয় পাবলিক লাইব্রেরি চত্বরে উদ্বোধনী আয়োজনের প্রথম পর্বে উদ্বোধনী সংগীত, জাতীয় সংগীতের সাথে পতাকা উত্তোলন, পায়রা ও বেলুন উড়িয়ে গতকাল বিকেল ৪টায় উৎসব উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত। দ্বিতীয় পর্বে শওকত ওসমান মিলনায়তনে সংক্ষিপ্ত আলোচনায় বক্তব্য রাখেন মাননীয় অর্থমন্ত্রী আবুল মাল আব্দুল মুহিত। উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে ছিলেন সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর। এছাড়াও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন সাংস্কৃতিক ব্যক্তিত্ব হাসান ইমাম, উৎসব উপদেষ্টা মোরশেদুল ইসলাম, চিলড্রেন'স ফিল্ম সোসাইটির সাধারণ সম্পাদক মুনিরা মোরশেদ মুন্নী, প্রাণ আরএফএল গ্রুপের হেড অব মার্কেটিং এন্ড সেলস্ (কনফেকশনারী) এ কে এম মঈনুল ইসলাম মঈন, উপ-উৎসব পরিচালক আবীর ফেরদৌস মুখর। উৎসব সম্পর্কে বিস্তারিত তথ্য তুলে ধরেন উৎসব পরিচালক রায়ীদ মোরশেদ। বক্তব্য শেষে প্রদীপ প্রজ্জ্বলন করেন অতিথিরা। এরপর প্রদর্শিত হয় উৎসবের লোগো ফিল্ম এবং তারপরেই প্রদর্শিত হয় উৎসবের উদ্বোধনী চলচ্চিত্র জামার্নির 'মাই ফ্রেন্ড রাফি'।

ঢাকায় মূল উৎসব কেন্দ্র হিসেবে ব্যবহৃত হবে কেন্দ্রিয় পাবলিক লাইব্রেরির শওকত ওসমান মিলনায়তনটি। উদ্বোধনী দিন ছাড়া প্রতিদিন সকাল ১১টা, দুপুর ২টা, বিকেল ৪টা ও সন্ধ্যা ৬টায় মোট ৪টি করে প্রদর্শনী হবে মূল উৎসবকেন্দ্রে। অপর কেন্দ্রগুলোতে সকাল ১১টা, দুপুর ২টা ও বিকাল ৪টা পর্যন্ত প্রদর্শনী চলবে। উৎসবের সকল প্রদর্শনী অভিভাবকসহ শিশুদের জন্য উন্মুক্ত।

- Rvg‡m`i ingvb mRxe



ewlK GB DrmewU GLb GKwU wbq‡g c‡o †M‡Q|

A_gš¿x
Avej gvj Avãj gynZ

wkï‡`i hw` Avgiv M‡o Zj‡Z bv cwi, Zvn‡j mgvR‡K Avgiv M‡o Zj‡Z cvi‡ev bv|

- mvs¯‹…wZK e¨w³Z¡
nvmvb Bgvg

আমার সন্তান ২টি হলেও উৎসবে এলেই আমার সন্তানের সংখ্যা শতক ছাড়িয়ে যায়।

mvavi Y m¤úv`K, wm.Gd.Gm
gwbiv †gvi‡k` gbbx

Avgiv †Q‡j‡g‡q‡`i gL eB‡qi cvZvq †V‡m ai‡Z hZUv AvMnx, Zv‡`i‡K AvKvk, dj, cwL †Pbv‡Z ZZUv AvMnx bB

ms¯‹…wZ gš¿x
Avmv`¾vgvb bi

“ক্ষুদ্রতম” প্রতিনিধির কথা

উৎসব প্রাঙ্গণজুড়েই দেখা যায় দেশের নানা প্রান্ত থেকে আসা শিশুপ্রতিনিধিদের মধ্যে সবচাইতে ছোট নিশাত তাসনীম ঐশী। উৎসব সম্পর্কে তার অনুভূতি জানতে চাইলে সে বলে, উৎসবের প্রথম আসর থেকেই সে তার বড় বোনের সাথে উৎসব দেখতে আসতো। ২০১৪ সালের ৮ম উৎসবে সে প্রথমবার শিশুপ্রতিনিধি হিসেবে অংশগ্রহণ করে। এবার উৎসবে সে তার নির্মিত চলচ্চিত্র ‘আনবেন্ড’ নিয়ে এসেছে। তার চলচ্চিত্রে উঠে এসেছে সমাজের মেয়েদের বাধা-বিপত্তিগুলো।

- bIkxb AvbRg bnv, gbvgx nvwg`

হুররে ওয়েফার এর কিছু কথা...

৯ম আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসবের উদ্বোধনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন প্রাণ আরএফএল এর হেড অব মার্কেটিং এন্ড সেলস (কনফেকশনারী) এ কে এম মঈনুল ইসলাম মঈন। এই সময়ে বুলেটিন টিমের কাছে তিনি একান্ত সাক্ষাৎকার দেন।

বুলেটিন: মূলত কি কি দিকগুলো বিবেচনা করে হুররে ওয়েফার একটি শিশু চলচ্চিত্র উৎসবের টাইটেল স্পন্সর করলো?

মঈন স্যার: শিশুরা কি দেখতে পছন্দ করে, কোন জায়গায় যেতে ভালোবাসে সে ব্যাপার গুলোর সাথে আমরা সম্পৃক্ত থাকতে চাই। গত ২০১৩ সালে ৭ম ফেস্টিভ্যাল সম্পর্কে পত্রিকায় জানতে পেরে আমি উৎসব প্রাঙ্গণে চলে আসি। উৎসব প্রাঙ্গণে শত শত শিশুকিশোরদের মিলনমেলা দেখে আমি অভিভূত হয়ে যাই। অতঃপর আমি ও আমার প্রতিষ্ঠান প্রাণ আরএফএল এর মাধ্যমে ৯ম আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসব বাংলাদেশ এর পৃষ্ঠপোষক হয়ে এসেছি।

বুলেটিন: ভবিষ্যতে হুররে ওয়েফারের শিশুতোষ কোন চলচ্চিত্রে প্রযোজনা করার পরিকল্পনা আছে কি?

মঈন স্যার: প্রাণ আরএফএল পূর্বেও স্কুলভিত্তিক আয়োজনগুলোতে শিশুদের সাথে ছিল। যদি কোন শিশুতোষ চলচ্চিত্রের গল্প, চিত্রনাট্য, বস্তুনিষ্ঠ হয় এবং বাজেট আমাদের সাধ্যের মধ্যে হয় তবে অবশ্যই আমরা সেই চলচ্চিত্রটি প্রযোজনা করব।

বুলেটিন: হুররে ওয়েফার কি আগামীতেও আমাদের উৎসবের সাথে থাকবে?

মঈন স্যার: শিশুদের সাথে যা কিছু ভালো, প্রাণ আরএফএল অবশ্যই তাদের সাথে থাকবে। সবকিছু অনুকূলে থাকলে আমরা আগামীতেও এই উৎসবের পৃষ্ঠপোষকতা করবো।

- bIkxb AvbRg bnv, mcxwZ gvjvKvi

কৃতজ্ঞতা

প্রতিবছরের মত এবারও ‘ফ্রেমে ফ্রেমে আগামী স্বপ্ন’ স্লোগান নিয়ে পর্দা উঠলো ৯ম আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসবের। অনেক সীমাবদ্ধতার মাঝেও যারা শিশুদের জন্য এমন একটি চলচ্চিত্র উৎসবে সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন তাদের কাছে আমরা আন্তরিক ভাবে কৃতজ্ঞ। প্রথমেই আমরা ধন্যবাদ জানাতে চাই মাননীয় অর্থমন্ত্রী জনাব আবুল মাল আব্দুল মুহিতকে। ধন্যবাদ জানাতে চাই আমাদের পৃষ্ঠপোষক প্রতিষ্ঠান অর্থমন্ত্রণালয়, বাংলাদেশ শিল্পকলা একাডেমী, হুররে ওয়েফার, মানুষের জন্য ফাউন্ডেশন, আঁলিয়স ফ্রঁসেজ, ডেফোডিল ইউভার্সিটি, সময় টিভি ও রেডিওনেক্সট ৯৩.২ এফএম’কে। এছাড়াও যে প্রতিষ্ঠানগুলো আমাদের বিভিন্ন ভাবে সাহায্য করেছেন তারা হলো প্রাণ চকোচকো, সিনে কিচেন, চিলড্রেন’স ফিল্ম সোসাইটি চট্টগ্রাম, ম্যুভিয়ানা ফিল্ম সোসাইটি, চিলড্রেন’স ফিল্ম সোসাইটি রাজশাহী। আমরা বিশেষ ভাবে কৃতজ্ঞতা জানাই আমাদের অনলাইন মার্কেটিং পার্টনার হুতুম’কে।

wKK! wKK! wKK!



বরাবর অর্থমন্ত্রী!

বুলেটিন: আমাদের এই পুরোটা উৎসব শিশুরা আয়োজন করে থাকে, এই ব্যাপারটা আপনার কেমন লাগে?

মুহিত স্যার: খুবই ভালো লাগে। এই উৎসবে কাজ করার মাধ্যমে তারা শিক্ষা পাচ্ছে কি করে আরও বড় বড় কাজ করা যায়।

বুলেটিন: এত বড় একটি উৎসব যদি শিশুরা আয়োজন করতে পারে তাহলে আপনি কি মনে করেন তারা একটি মন্ত্রণালয়ও চালাতে পারে?

মুহিত স্যার: (হাসি) না। মন্ত্রণালয় চালাতে অনেক বেশি বিচারবুদ্ধিসম্পন্ন হতে হবে। কিন্তু পলিসি মেকিংয়ের ক্ষেত্রে অবশ্যই শিশুরা ভূমিকা রাখতে পারবে।

বুলেটিন: শিশু নির্মাতাদের চলচ্চিত্র দেশের বাইরে বাংলাদেশের প্রতিনিধিত্ব করছে, পুরস্কার পাচ্ছে। এই বিষয়টি আপনার কেমন লাগছে?

মুহিত স্যার: অবশ্যই খুবই ভালো লাগে। দেশের বাইরে তারা আমাদের সুনাম বাড়িয়েছে। অবশ্যই এটি গর্বের ব্যাপার।

- gbvgx nvg`, F× Awb›`¨ Mv½jx

KvPv nv‡Zi cvKv wW‡i±i

নবম আন্তর্জাতিক শিশু চলচ্চিত্র উৎসবে ফিল্ম জমা দিয়ে ৭১জন ডেলিগেটসদের মধ্যে ছিল দুই ভাই-বোন দেওয়ান সানজিদুল আরাফাত এবং সানজিদা হুমায়রা কনক। সুদূর জয়পুরহাট থেকে এই দুই ভাই-বোন নিয়ে এসেছে চমৎকার দুটি ফিল্ম 'ব্যাম্বো টয়েস' ও 'ইক্যুয়েল' নিয়ে। অষ্টম শ্রেণিতে পড়া আরাফাতের নির্মিত 'ব্যাম্বো টয়েস' এর মূল বক্তব্য ক্ষুদে বিজ্ঞানীদের নিয়ে। আরাফাত বলতে চেয়েছে যে, শুধু বড়রাই নয়, ছোটরাও পারে বিজ্ঞানের মাধ্যমে তাদের সৃজনশী-লতা বিস্তার করতে।' আর তার একাদশ শ্রেণিতে পড়ুয়া বোন কনক বানিয়েছে ধর্ম বৈষম্য নিয়ে ফিল্ম 'ইক্যুয়েল'। এটি ছিল কনকের বানানো প্রথম ফিল্ম। দুটি ফিল্মই তারা বানিয়েছে তাদের বাস্তব অভিজ্ঞতা থেকে। তাদের যথেষ্ট অনুপ্রেরণা দিয়েছে তাদের পরিবার। ফিল্ম তৈরী করার সময় আর্থিক ও আবহাওয়াজনিত সমস্যার সম্মুখিন হলেও এই উৎসবে তাদের ফিল্ম প্রতিযোগিতা বিভাগে বাছাই হওয়ায় তাদের দুজনেরই অনুভূতি ছিল অনেকটাই এরকম, 'পরিশ্রম সার্থক।' এই প্রথম পরিবার ছাড়া ঢাকায় এসে একটু খারাপ লাগলেও উৎসবে নতুন মানুষের সাথে মিশতে পেরে ওরা খুব আনন্দিত। ওদের ফিল্ম আজ জাদুঘরের সুফিয়া কামাল অডিটরিয়ামে দুপুর ২টায় দেখানো হবে।

- Rvwmqv webZ kvgxg

Beginning to the 'Future in Frames'

With the ever known slogan, 'Future in Frames', the 9th International Children's Film Festival (ICFFB), organized by Children's Film Society (CFS), Bangladesh has revealed itself on the 23rd of January, 4 pm through a opening ceremony filled with green at the Central Public Library premises. On their arrival the Chief Guest, Honourable Minister of FInance, A. M.A. Muhit, and Special Guest, Minister of Cultural Affairs Asaduzzaman Noor, were greeted by the beatings of 'dhaak' and the ceremony proceeded through the National Anthem and Festival song being sung by our volunteers, followed by hoisting of the National flag, Flag of the 9th ICFFB, and Flag of CFS by the guests. This segment was ended by the release of doves along with balloons bearing the festival logo.

Guests were escorted into the Shawkat Osman Auditorium for the second segment, where they lighted Mangal Pradeeps and were received by our youngsters with flowers. Syed Hassan Imam, eminent cultural figure, Morshedul Islam, former Festival Director, Rayeed Morshed, Festival DIrector, Abir Ferdaus Mukhar Deputy Festival DIrector, Munira Morshed Munni, General Secretary of CFS, A K M Moinul Islam Moin, Head of Marketing (Confectionery), PRAN RFL group took to their seats following the Chief and the Special Guest. The festival was declared open by the Finance Minister, and each guest conveyed their blessings. Welcome speech was delivered by Munira Morshed, thus concluding the session to begin the screening of the Festival Logo Film and a German film "My Friend Raffi".

- Mehjabin Khan Porna

And our very own Baker bhai..

Baker bhai, our dearly beloved fictional character from a very popular television drama was himself present at the ceremony and he is none other than our very own Minister of Cultural Affairs, Asaduzzaman Noor. Honourable Minister has been of a big help to the Childrens' Film Society like his helping soul in the drama itself. He has also given us news of a new film for youngsters "Dakghor" based on a children's play by Rabindranath Tagore, as an initiative by the Government of Bangladesh for children's films. Baker bhai has also advised young film makers, "Seize whatever opportunity you get and grow more".

- Sumaiya Nawshin

Poems from Persia...

Our festival was enlightened with the presence of Seyed Mousa Hosseini, Cultural Counsellor and Asgar Khosroabadi, Deputy Cultural Counsellor, Iranian Cultural Center who were absolutely delighted to have come to our festival for the second time. They are enthralled at the festivities here, whilst mentioning the gigantic initiative the Government of Iran undertakes for their children as well as the film arena and conveys his blessing to this movement. In the end he recites a poem in Persian; about a magic ball, which once thrown reaches so far up in the sky that it cannot be seen, but it can only be obtained if we fulfill our duties as good children. Young film makers could aspire for obtaining this magic ball.

-Mehjabin Khan Porna, Sumaiya Nawshin

Editor: Abu Sayeed Nishan
Co-editor: Ashik Ibrahim, Auroni Semonti Khan
Co ordinator: Zamsedur Rahman Sajib
Designer: Tasmiah Alam, Sashoto Seeam
Senior Reporter: Riddha Anindya
Reporter: Jasiya Bintay Shamim, Mehjabin Khan Porna, Sumaiya Nawshin Suprety Malaker, Noshin Anjum, Monami Hamid, Sazid Ahamed Dipto.
Photographer: Obaidullah Tushar, Riad Sikder Rad

Organized by

Supported by

Associated Partners